

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৭ আশ্বিন ১৪২৮/ ২২ সেপ্টেম্বর ২০২১

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২১.২১৬—গত ১৫ ও ১৬ জুলাই ২০০৯ তারিখ  
মিশরের পর্যটন নগরী শারম-আল-শেইখ এ অনুষ্ঠিত জোট নিরপেক্ষ শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রীর  
নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধি দল অংশগ্রহণ করে।

০২। জোট নিরপেক্ষ আন্দোলনে বাংলাদেশের অবদানের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশকে জোট  
নিরপেক্ষ সম্মেলনের ভাইস চেয়ারম্যান নির্বাচিত করায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জ্ঞাপন করে  
মন্ত্রিসভার ০৫ শ্রাবণ ১৪১৬/২০ জুলাই ২০০৯ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১৩৯২১ )  
মূল্য : টাকা ৪.০০

**মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব**

ঢাকা :  $\frac{০৫ \text{ শ্রাবণ } ১৪১৬}{২০ \text{ জুলাই } ২০০৯}$

গত ১৫ ও ১৬ জুলাই ২০০৯ তারিখ মিশরের পর্যটন নগরী শারম-আল-শেইখ এ অনুষ্ঠিত জোট নিরপেক্ষ শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধি দল অংশগ্রহণ করিয়াছে। স্নায়ু যুদ্ধ অবসানের কারণে জোট নিরপেক্ষ সম্মেলন গঠনের প্রেক্ষিত পরিবর্তিত হইয়াছে। পরিবর্তিত প্রেক্ষাপটে বাংলাদেশ জোট নিরপেক্ষ সম্মেলনে বিশ্বশান্তি রক্ষা, স্বল্পোন্নত দেশের দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক সমৃদ্ধি এবং সন্ত্রাসবাদ নির্মূলকরণে সদস্য দেশসমূহের মধ্যে সহযোগিতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করিয়াছে। সম্মেলনে বাংলাদেশের প্রধানমন্ত্রীর বক্তব্য ভূয়সী প্রশংসা অর্জন করিয়াছে। জোট নিরপেক্ষ আন্দোলনে বাংলাদেশের অবদানের স্বীকৃতি স্বরূপ বাংলাদেশকে জোট নিরপেক্ষ সম্মেলনের ভাইস চেয়ারম্যান নির্বাচিত করা হইয়াছে। ইহার পরিপ্রেক্ষিতে মন্ত্রিসভা প্রধানমন্ত্রীকে অভিনন্দন জ্ঞাপন করে।